

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
হোসেনপুর, কিশোরগঞ্জ
www. hossainpur.kishoreganj.gov.bd

স্মারক নং ০৫.৪১.৪৮২৭.০০০.২০.০১০.২৪.৯৬

তারিখ : ০৫/০২/২০২৪ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

কিশোরগঞ্জ জেলাধীন হোসেনপুর উপজেলায় নিম্নবর্ণিত ইউনিয়নে মহল্লাদার এর শূন্য পদে (পুরুষ/ মহিলা) সরাসরি নিয়োগের মাধ্যমে গ্রাম পুলিশ নিয়োগ করা হবে। নিম্নবর্ণিত যোগ্যতাসম্পন্ন অগ্রহী প্রার্থীগণকে আগামী ২৮/০২/২০২৪ তারিখের মধ্যে অফিস চলাকালীন নিম্ন ঠিকানায় দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ইউনিয়নের নাম	পদের নাম	শূন্য পদের সংখ্যা	ওয়ার্ড নং	নিয়োগ পদ্ধতি
০২ নং সিদলা ইউনিয়ন	মহল্লাদার	০১ (এক)	০৩	সরাসরি
০৩ নং গোবিন্দপুর ইউনিয়ন	মহল্লাদার	০১ (এক)	০৪	সরাসরি

শর্তাবলী :

১। মহল্লাদার পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থীর শারীরিক যোগ্যতা-

পুরুষ : সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি, বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক) ৩২ ইঞ্চি (সম্প্রসারণ), ওজন সর্বনিম্ন ৫০ কেজি

মহিলা : সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট, বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক) ৩০ ইঞ্চি (সম্প্রসারণ), ওজন সর্বনিম্ন ৪৫ কেজি

২। প্রার্থীকে বাংলাদেশের নাগরিক এবং সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে

৩। মহল্লাদার পদে প্রার্থীর বয়স ২৮/০২/২০২৪ তারিখে অনূর্ধ্ব ৩০ বছর হতে হবে

৪। প্রার্থীকে শারীরিক ও মানসিক যোগ্যতাসম্পন্ন এবং ভালো স্বাস্থ্যের অধিকারী হতে হবে

৫। কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ৮ম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে

৬। মহল্লাদার পদে সংশ্লিষ্ট ইউনিয়ন বা সম্ভব হলে ওয়ার্ড হতে নিয়োগ প্রদান করা হবে

৭। মহল্লাদারের শূন্য পদে লোক নিয়োগের ক্ষেত্রে বর্ণিত যোগ্যতায় উপযুক্ত বিবেচিত হলে মৃত বা অবসরপ্রাপ্ত মহল্লাদার এর পুত্র, কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার দেয়া হবে (পোষ্য হলে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত পোষ্য সনদ)

৮। আবেদন পত্রে প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, মোবাইল নম্বর (যদি থাকে), জাতীয়তা, বৈবাহিক অবস্থা, ধর্ম, জন্ম তারিখ, বয়স (২৮/০২/২০২৪ তারিখে) ও শিক্ষাগত যোগ্যতা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে

৯। আবেদনের সাথে শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি, ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র (নামযুক্ত সীল থাকতে হবে), জন্ম নিবন্ধন সনদ ও জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, চেয়ারম্যান প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র বা সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দার সনদপত্র, অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে), ৩কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি এবং আবেদনের সাথে দাখিলকৃত সনদপত্রসমূহ ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে

১০। ২৮/০২/২০২৪ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন আবেদনপত্র ডাকযোগে /সরাসরি গ্রহণ করা হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে। আবেদনের সাথে প্রার্থীর নিজস্ব ঠিকানা (ডাক যোগাযোগের ঠিকানা) স্পষ্টাক্ষরে ৯.৫ ইঞ্চি x ৪.৫ ইঞ্চি খামের উপরে ১০/- (দশ) টাকা মূল্যের ডাকটিকেটসহ ফেরত খাম সংযুক্ত করতে হবে।

১১। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে উক্ত বিজ্ঞপ্তি বাতিল / পরিবর্তন বা যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন

১২। বীর মুক্তিযোদ্ধা, এতিম ও প্রতিবন্ধী, উপজাতি, আনসার ও ডিডিপি, পোষ্য কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ / প্রমাণপত্রের সত্যায়িত কপি আবেদনের সাথে দাখিল করতে হবে

১৩। নিয়োগের ক্ষেত্রে সরকারি বিধি বিধান অনুসরণ করা হবে

(২)

১৪। চূড়ান্ত নির্বাচনী পরীক্ষার সময় প্রার্থীকে শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদের মূল কপি প্রদর্শন করতে হবে
১৫। নিয়োগ প্রক্রিয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।



(অনিন্দ্য মন্ডল)

পরিচিতি নং: ১৭৭৩৫

উপজেলা নির্বাহী অফিসার

হোসেনপুর, কিশোরগঞ্জ

মোবাইল : ০১৯৫৮-৪০০৪০৯

e-mail: unohossainpur@mopa.gov.bd

স্মারক নং ০৫.৪১.৪৮২৭.০০০.২০.০১০.২১.৯৬

তারিখ : ০৫/০২/২০২৪ খ্রি.

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে

০১। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ

০২। উপ পরিচালক, স্থানীয় সরকার, কিশোরগঞ্জ

০৩। চেয়ারম্যান, হোসেনপুর উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ

০৪। সহকারী কমিশনার (ভূমি), হোসেনপুর, কিশোরগঞ্জ। বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানানোর জন্য অনুরোধ করা হলো।

০৫। অফিসার ইনচার্জ, হোসেনপুর থানা, কিশোরগঞ্জ। বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানানোর জন্য অনুরোধ করা হলো।

০৬। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, হোসেনপুর, কিশোরগঞ্জ।


০৭। সহকারী প্রোগ্রামার, হোসেনপুর, কিশোরগঞ্জ। বিজ্ঞপ্তিটি উপজেলা তথ্য বাতায়নে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

০৮। উপজেলা আনসার ও ডিডিপি কর্মকর্তা, হোসেনপুর, কিশোরগঞ্জ।

০৯। চেয়ারম্যান, সিদলা / গোবিন্দপুর ইউনিয়ন পরিষদ, হোসেনপুর, কিশোরগঞ্জ। বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানানোর জন্য অনুরোধ করা হলো

১০। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, সিদলা / গোবিন্দপুর ইউনিয়ন ভূমি অফিস, হোসেনপুর, কিশোরগঞ্জ। বিজ্ঞপ্তিটি বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

১১। নোটিশ বোর্ড/ অফিস নথি।



(অনিন্দ্য মন্ডল)

উপজেলা নির্বাহী অফিসার

হোসেনপুর, কিশোরগঞ্জ